# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট ঘোষণা

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট ঘোষণা করেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সোমবার (২৮ জুলাই) দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে ২০২৫-২৬ অর্থবছরের বাজেট ঘোষণার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ব্যয় নির্বাহ ও পরিচালনায় স্বচ্ছতার অঙ্গীকার পুনঃব্যক্ত করা হয়।

২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সিন্ডিকেট সভায় অনুমোদিত হয়েছে। এ অর্থবছরের জন্য বিশ্ববিদ্যালয়ের মোট বাজেট নির্ধারণ করা হয়েছে ১৬ কোটি ৩৪ লাখ টাকা। এর মধ্যে ১৬ কোটি ০৪ লাখ টাকা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রদান করবেন। বাকি ৩০ লাখ টাকা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব রাজস্ব আয়ে সংস্থান করা হবে। ২০২৫-২৬ অর্থবছরে মোট আবর্তক ব্যয় নির্ধারণ করা হয়েছে ১১ কোটি ২৯ লাখ টাকা। এর মধ্যে বেতন খাতে ৩ কোটি ৪৭ লক্ষ টাকা, ভাতা খাতে ২ কোটি ৪৭ লক্ষ টাকা, পণ্য ও সেবা বাবদ সহায়তা খাতে ৪ কোটি ৯১ লক্ষ টাকা, গবেষণা অনুদান খাতে ২১ লক্ষ টাকা, প্রাথমিক স্বাস্থ্যসেবা বাবদ সহায়তা ১ লক্ষ ৫০ হাজার টাকা, ও অন্যান্য অনুদান ২১ লক্ষ ৫০ হাজার টাকা। এছাড়া, মোট মূলধন ব্যয় ধরা হয়েছে ৫ কোটি ৫ লাখ টাকা। এরমধ্যে যন্ত্রপতি ২ কোটি ৯৩ লক্ষ টাকা, যানবাহন ৯২ লক্ষ টাকা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অনুদান ৭০ লক্ষ টাকা ও অন্যান্য মূলধন অনুদান ৫০ লক্ষ টাকা। ছাত্রকল্যাণে মোট বাজেট ৫৭ লক্ষ ৯২ হাজার টাকা, যার মধ্যে মেধা ও বৃত্তি বাবদ ২০ লক্ষ ৫০ হাজার টাকা, ছাত্রী হল বাবদ ১৯ লক্ষ ৯২ হাজার টাকা, ফিল্ড ওয়ার্ক ও শিক্ষা সফর বাবদ ৮ লক্ষ টাকা, খেলাধূলার আয়োজন বাবদ ৫ লক্ষ টাকা, বিএনসিসি ও রোভার স্কাউট ৫০ হাজার টাকা, ক্রীড়া সামগ্রী ক্রয় ৪ লক্ষ টাকা। বিগত ২০২৪-২০২৫ অর্থবছরের সংশোধিত বাজেট ছিল ১৫  কোটি টাকা। ২০২৫-২০২৬ অর্থবছরে বাজেট বৃদ্ধি পেয়েছে ১ কোটি ৩৪ লক্ষ টাকা এবং বৃদ্ধির হার ৮.৯৩ শতাংশ।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ সায়েম উদ্দিন আহম্মদ বলেন, “আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করতে দ্বিতীয়বারের মতো ২০২৫-২৬ অর্থবছরের জন্য বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত বাজেট উপস্থাপন করা হয়েছে। হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের আর্থিক, প্রশাসনিক ও একাডেমিক সকল কর্মকাণ্ডে স্বচ্ছতা নিশ্চিত করার প্রয়াস হিসেবে গত অর্থবছর থেকে আমরা বাজেট ঘোষণা শুরু করি। এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ সাধারণ জনগণ বিশ্ববিদ্যালয়ের অর্থব্যয় সম্পর্কিত বিষয়াদি সম্পর্কে অবগত হতে পারছেন। গত অর্থবছর থেকে সকল ক্রয় প্রক্রিয়া ইলেকট্রনিক গভারমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) পদ্ধতি অনুসরণ করে সম্পন্ন হচ্ছে”।

বাজেট ঘোষণা অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ডেপুটি রেজিস্ট্রার মোঃ বদরুল আমিন এবং অর্থ ও হিসাব বিভাগের হিসাবরক্ষণ কর্মকর্তা মোবারক খান ও বিভিন্ন গণমাধ্যমে কর্মরত হবিগঞ্জের সাংবাদিকবৃন্দ।